

(নিচের প্রশ্নগুলোর উত্তর নিজ নিজ খাতায় লিখ)

১. নিচের শব্দগুলোর সঠিক অর্থ লিখ।

$1 \times 2 = 2$

ইতিহাসিক, প্রসিদ্ধ।

২. নিচের যুক্তবর্ণগুলো ভেঙ্গে দুটি শব্দ তৈরি করে একটি করে বাক্যে প্রয়োগ দেখাও।

$2 \times 2 = 8$

ন্দ, থও।

৩. নিচের বাক্যগুলো সত্য হলে ‘সত্য’ এবং মিথ্যা হলে ‘মিথ্যা’ লিখে সঠিক বাক্যটি লিখ।

$1 \times 8 = 8$

ক) সোনারগাঁও নারায়নগঞ্জ জেলায় অবস্থিত।

খ) মোঘল স্থাপত্য শৈলীর কোন নিদর্শন সোনারগাঁওয়ে নেই।

গ) সোনারগাঁও এর সবচেয়ে সমৃদ্ধ এলাকা পানাম নগর।

ঘ) একটি দেশের শিল্প সংস্কৃতি, ইতিহাস-এতিহ্যের যাবতীয় নিদর্শন জাদুঘরেই সংরক্ষিত থাকে।

৪. নিচের প্রশ্নগুলোর সঠিক উত্তর বাছাই করে লিখ।

$1 \times 8 = 8$

ক) ঢাকার কোন পাশে সোনারগাঁও এর অবস্থান?

অ. পূর্ব-পশ্চিম

আ. উত্তর-দক্ষিণ

ই. দক্ষিণ-পশ্চিম

ঈ. দক্ষিণ-পূর্ব

খ) কারা এদেশে আসার পর দেশি কাপড়ের কদর করে যায়?

অ. উপজাতি

আ. ইংরেজ

ই. ফরাসি

ঈ. পর্তুগীজ

গ) এক গুম্বুজ বিশিষ্ট মসজিদ এর নাম কী?

অ. পানাম মজজিদ

আ. গোয়ালদি মসজিদ

ই. সুবর্ণ মসজিদ

ঈ. সোনারগাঁও মসজিদ

ঘ) শীতের সকালের রোদুর কেমন?

অ. কড়া

আ. টক

ই. মিষ্টি

ঈ. তীব্র

৫. নিচের প্রশ্নের সঠিক্ষিণ উত্তর লিখ।

$1 \times 2 = 2$

ক) জাদুঘর বলতে কী বোঝা? সোনারগাঁও লোকশিল্প জাদুঘরের প্রতিষ্ঠাতা কে? দুইটি বাক্যে লিখ।

৬. নিচের প্রশ্নের বর্ণনামূলক উত্তর লিখ।

$1 \times 8 = 8$

ক) লোকশিল্প কাকে বলে? লোকশিল্প জাদুঘর কেন প্রয়োজন? পাঁচটি বাক্যে লিখ।